

**Class:** চতুর্থ  
**Subject:** বাংলা ১ম

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)  
**Topic:** বীরপুরুষ

---

শিক্ষার্থী মূল্যায়ন: লেকচার -২ (৫.১০.২০)

\*\*শিক্ষার্থীরা পাঠ্যবই থেকে পুরো কবিতাটি ভালোভাবে কয়েকবার পড়ে নিবেন। সাথে ভিডিও দেখে গুরুত্বপূর্ণ লাইনের মর্মার্থ বোঝার চেষ্টা করবেন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর লিখবেন। প্রয়োজন হলে উত্তরপত্রের সহায়তা নিতে পারেন। তবে প্রশ্নোত্তর সবসময় নিজের মত করে বানিয়ে লিখার চেষ্টা করাই শ্রেয়।

ক). নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।

১. 'ভাগ্যে খোকা সঙ্গে ছিল  
কী দুর্দশাই হতো তা না হলে!' -লাইন দুটির ভাবার্থ নিজের ভাষায় লিখ।
২. 'এমন সময় হাঁরে -রে-রে -রে  
ঐ যে কারা আসতেছে ডাক ছেড়ে।  
তুমি ভয়ে পালকিতে এক কোণে  
ঠাকুর, দেবতা স্মরণ করছ মনে,'- লাইন গুলো দিয়ে কী বোঝানো হয়েছে নিজের ভাষায় লিখ।

খ). নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ।

১. বীরপুরুষ কে? সে কাদের হারিয়ে বীরপুরুষ হলো?

গ) প্রশ্নোত্তর লিখ (সৃজনশীল)।

২. খোকা কিভাবে বীরপুরুষ হলো? নিজের ভাষায় ব্যাখ্যা কর।
৩. খোকা ডাকাতদের হারিয়ে বীরপুরুষ হয়েছে। খোকাকার জায়গায় তুমি থাকলে তুমি কিভাবে মাকে রক্ষা করতে? পাঁচটি বাক্যে লিখ।

ঘ) শূণ্যস্থান পূরণ কর:

১. ধূ ধূ করে যে দিক পানে.....।
২. কোনো খানে ..... নাই।
৩. তুমি যেন ..... মনে তাই।
৪. ভয় ..... ভাবছ এলেম কোথা।
৫. আমি বলছি ..... করো না মা গো।
৬. ওই দেখা যায় ..... নদীর সোঁতা।